

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ২, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

তারিখ: ১৭ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ/ ০২ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৭২-আইন/২০২৫/২৮০-মুসক।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ২৭ মে, ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩৭-আইন/২০২৪/২৪৩-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের—

(ক) টেবিল-৩ (উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) 15.14 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“15.14	1514.19.00	রেপসীড অয়েল, কোলজা সীড অয়েল, কেনোলা অয়েল (৩০ জুন, ২০২৫ খ্রি: পর্যন্ত)
	1514.99.00	সরিষার তেল;”

(খ) টেবিল-৫ (ব্যবসায়ী পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত—

(১৬৩৫)

মূল্য : টাকা ৪.০০

(অ) শিরনামা সংখ্যা (Heading No.) 07.06 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“ 07.13 সংশ্লিষ্ট দেশে উৎপাদিত শুকনা শিম্বাকার শাকসবজি
এইচ.এস. কোড খোলস বা খোসা ছাড়ানো অথবা দ্বিখন্ডিত
হউক বা না হউক (প্রচলিত ভাষায় ডাল বা
ডাল জাতীয় খাদ্যশস্য) ”;

(আ) শিরনামা সংখ্যা (Heading No.) 08.03 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“ 09.04 সংশ্লিষ্ট দেশে উৎপাদিত সকল প্রকার
09.09 এইচ.এস. কোড গুঁড়া মরিচ, ধনিয়া, আদা, হলুদ
09.10 বা এ সকল মশলার মিশ্রণ ”;

(ই) শিরনামা সংখ্যা (Heading No.) 10.06 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“ 11.01 সংশ্লিষ্ট দেশে উৎপাদিত আটা, ময়দা ও
11.02 এইচ.এস. কোড সুজি
11.03
15.12 1512.11.00 দেশে উৎপাদিত Sunflower
1512.19.00 Seed Oil (Refined)
15.14 1514.19.00 দেশে উৎপাদিত রেপসীড
1514.99.00 অয়েল, কোলজা সীড অয়েল,
কেনোলা অয়েল ও সরিষার
তেল
15.15 1515.90.00 দেশে উৎপাদিত চালের কুড়ার
তেল (Rice Bran Oil) ”;

(ঈ) শিরনামা সংখ্যা (Heading No.) 19.04 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“ 19.05 সংশ্লিষ্ট দেশে উৎপাদিত বিস্কুট ”;
এইচ.এস. কোড

(উ) শিরনামা সংখ্যা (Heading No.) 23.09 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“ 25.01 2501.00.10 দেশে উৎপাদিত সকল ধরণের লবন ”;

(উ) শিরনামা সংখ্যা (Heading No.) 27.11 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“ 27.11 সংশ্লিষ্ট এলপি গ্যাস
এইচ.এস. কোড (ক) আমদানিকারক কর্তৃক সরাসরি End Consumer এর নিকট সরবরাহ ব্যতীত; এবং
(খ) অব্যাহতিপ্রাপ্ত বান্ধ এলপিজি ক্রয়কারী কর্তৃক বান্ধ এলপিজি পুনঃসরবরাহের ক্ষেত্র ব্যতীত
2711.21.00 প্রাকৃতিক গ্যাস (গ্যাসীয় অবস্থায়)।”; এবং

(ঋ) শিরনামা সংখ্যা (Heading No.) 38.08 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“ 38.08 সংশ্লিষ্ট কৃষিকার্যে ব্যবহার্য ইনসেকটিসাইড, ফাংগিসাইডস, হারবিসাইডস, পেস্টিসাইডস, এন্টিস্প্রাউটিং প্রোডাক্টস, প্ল্যান্ট গ্রোথ রেগুলেটর ও ডিসইনফেকট্যান্টস”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।